গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কাযালয়, রংপুর
www.rangpur.gov.bd

জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪ (৫ ফেব্রুয়ারি) উদ্‌যাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কাযবিবরণী:

সভাপতি : মোহাম্মদ মোবাশ্বের হাসান
জেলা প্রশাসক, রংপুর।
তারিখ ও সময় : ০১/০২/২০২৪ বিকাল: ০৩টা।

সভায় উপস্থিতি সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" এ দেখানো হয়েছে।

৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সহকারী পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর ও সদস্য সচিব মো: আবেদ হোসেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত জাতীয় কর্মসূচী সভায় পাঠ করে শোনান। এবার ৭ম বারের মত দিবসটি উদ্‌যাপন করা হবে। দিবসটি যথাযথভাবে উদ্‌যাপনের লক্ষে সভার সদস্য হিসেবে জনাব মো: আজহারুল ইসলাম, সহকারী অধ্যাপক, সরকারি বেগম রোকেয়া কলেজ, রংপুর, প্রধান শিক্ষক, সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর, জনাব মোঃ মামদুদুর রহমান, উপপরিচালক, সেন্ট্রাল লাইব্রেরি এন্ড ইনফরমেশন সেন্টার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর, জনাব নুঝাত তাবাসসুম রিমু, জেলা কালচারাল অফিসার, রংপুর, জনাব সৈয়দ মাহবুবার রহমান সোহেল, বিভাগীয় সাধারণ সম্পাদক, লাইব্রেরি এসোসিয়েশন অব বাংলাদেশ, রংপুর উপস্থিত ছিলেন।

উল্লেখ্য গণগ্রন্থাগার অধিদপ্তরের দিক নির্দেশনা অনুযায়ী উক্ত দিবসটিতে র‍্যালি সংক্রান্ত নির্দেশনা না থাকায় দিবসের কার্যক্রম হতে র‍্যালি না থাকার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়। মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী দিবসটি উপলক্ষে ০১লা ফেব্রুয়ারি হতে ৪ঠা ফেব্রুয়ারি পর্যন্ত পর্যায়ক্রমে বইপাঠ প্রতিযাগিতা, চিত্রাংকন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করা হবে। দিবসটি "উদ্বোধন" সহ আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান করার সিদ্ধান্ত গৃহিত হলো।

বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে নিম্নবর্ণিত কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রম | তারিখ ও সময় | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ০১.০২.২০২৪ হতে ০৪.০২.২০২৪ | বইপাঠ চিত্রাংকন, রচনা উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর এর উন্মুক্ত প্রাঙ্গণে বইপাঠ, পাঠকক্ষে কর্মসূচিগুলো অনুষ্ঠিত হবে। | সদস্য সচিব:<br>সহকারী পরিচালক বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার রংপুর<br>উপ-কমিটি<br>আহবায়ক<br>জনাব মো: আজহারুল ইসলাম, সহযোগী অধ্যাপক, সরকারি বেগম রোকেয়া কলেজ, রংপুর। |
| ২ | ০৫.০২.২০২৪ বিকাল: ৪.০০টা | আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান | সেমিনার রুম, বিভাগীয় সরকারি গণগ্রাস্থাগার রংপুর।<br>প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন<br>জনাব জনাব মোহাম্মদ মোবাশ্বের হাসান স্যার, জেলা প্রশাসক, রংপুর।<br>বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন জনাব মো: ফেরদৌস আলী চৌধুরী, পুলিশ সুপার, রংপুর।<br>জনাব প্রফেসর মোহাম্মদ শাহ আলম, প্রাক্তন অধ্যাপক ও বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, রংপুর কারমাইকেল কলেজ।<br>সম্মানিত অতিথি জনাব মো: মামদুদুর রহমান, উপপরিচালক, সেন্ট্রাল লাইব্রেরি এন্ড ইনফরমেশন সেন্টার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।<br>সভাপতিত্ব করবেন : জনাব এ .ডব্লিউ.এম.রায়হান শাহ ,অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>স্থানীয় গুণীজন ও গ্রন্থাগার সংশ্লিষ্ট সর্বমোট ১৪০-১৫০ জনের | উপ-কমিটি<br>আহবায়ক<br>জনাব মো: আজহারুল ইসলাম, সহযোগী অধ্যাপক, সরকারি বেগম রোকেয়া কলেজ, রংপুর।<br>সদস্য:<br>জেলা শিক্ষা অফিসার,<br>জেলা কালচারাল অফিসার<br>বিভাগীয় সাধারণ সম্পাদক, লাইব্রেরি এসোসিয়েশন অব বাংলাদেশ, রংপুর।<br>সদস্য সচিব:<br>সহকারী পরিচালক বিভাগীয় সরকারি গণগ্রাস্থাগার রংপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| | ...২০২৪ ... .০২.২০২৪ | প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ | আলোচনা শেষে সকল ইভেন্টে বিজয়ী প্রতিযোগিদের মধ্যে পুরস্কার বিতরণ করতে হবে। | জনাব মো: আজহারুল ইসলাম, সহযোগী অধ্যাপক, সরকারি বেগম রোকেয়া কলেজ, রংপুর। সহকারী পরিচালক বিভাগীয় সরকারি গণগ্রান্থাগার রংপুর |
| | ৪/২/২৩— ৬/২/২৩ | ভবন সজ্জা, আলোক সজ্জা | সমগ্র ভবন সজ্জিত করতে হবে। | সহকারী পরিচালক বিভাগীয় সরকারি গণগ্রান্থাগার রংপুর |

গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী অনুষ্ঠান খাতের বরাদ্দ হতে অনুষ্ঠান সংক্রান্ত সকল ব্যয় করা হবে। যেমন পুরস্কারের বই মূল্যায়ন সম্মানি, সভার আপ্যায়ন, ফেস্টুন-ব্যানার, গ্যাসবেলুন, ফুল ক্রয়, আলোচনা সভায় অংশ গ্রহণকারী সকলের নাস্তার ব্যবস্থা (১৭০ প্যাকেট) ইত্যাদি। উক্ত অনুষ্ঠানে সর্বোচ্চ ৩০,০০০/-(ত্রিশ হাজার টাকা ) ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। বর্তমানে সদস্য সচিব , সহকারী পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রাস্থাগার, রংপুর উক্ত ব্যয় করবেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনী করেন।

07/02/24

(মোহাম্মদ মোবাশ্বের হাসান)
জেলা প্রশাসক, রংপুর
ও আহবায়ক
জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন কমিটি
ফোন- ০২৫৮৯৯৬১০৪১
dcrangpur@mopa.gov.bd